

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 16-04-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

External Affairs Minister :

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন যে, উত্তর-পূর্বাঞ্চল দেশের অনেক গুরুত্বপূর্ণ ভারতীয় নীতির কেন্দ্রবিন্দুতে রয়েছে। এর মধ্যে রয়েছে অ্যাক্ট ইস্ট নীতি, অগ্রাধিকারে প্রতিবেশীরা প্রথম, বিমসটেক। তিনি জোর দিয়ে বলেন, সময়ের সাথে সাথে এই অঞ্চলের প্রাসঙ্গিকতা আরও বাড়বে। গতকাল ডোনার মন্ত্রকের উদ্যোগে আয়োজিত আসন্ন নর্থ ইস্ট ইনভেস্টরস সামিট ২০২৫-এর প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে তিনি এ কথা বলেন। বিদেশমন্ত্রী ডঃ জয়শঙ্কর বিদেশী রাষ্ট্রদূতদের এই অঞ্চলটি অন্বেষণ করার জন্য ও এই অঞ্চলে শিল্পে বিনিয়োগের জন্য সরকারের পরিকাঠামোগত বৈশিষ্ট্যসমূহ তুলে ধরার উপর গুরুত্ব আরোপ করেন।

ড. জয়শঙ্কর বলেন, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য সমূহের পাঁচটি প্রতিবেশী দেশের সঙ্গে তার সীমান্ত রয়েছে, যা ভারতীয় উপমহাদেশ ও আসিয়ানের মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করছে। তিনি উল্লেখ করেন, ভারতের নিকটতম প্রতিবেশীদের সঙ্গে অনেক উদ্যোগ নেওয়া হয়েছে। এই প্রসঙ্গে তিনি ত্রিপুরীয় মহাসড়ক এবং কালাদান প্রকল্পের মতো প্রকল্পের গুরুত্বের কথা তুলে ধরেন।

POILA BOISHAKH :

গতকাল ১লা বৈশাখের মধ্য দিয়ে শুরু হয়েছে নতুন বছর ১৪৩২ বঙ্গাব্দ। নতুন বছরকে স্বাগত জানান্তে রাজ্যব্যাপী নানা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সকাল থেকে মন্দিরে মন্দিরে পূজা দিতে লোক সমাগম হয়। আগরতলার লক্ষী নারায়ণ মন্দিরের সামনে এই উপলক্ষে মেলাও বসে। গতকাল অনেক রাত পর্যন্ত মেলায় কেনাকাটা চলে। বর্ষবরণ উপলক্ষে সাংস্কৃতিক সংস্থা কাব্যলোকের উদ্যোগে এবারও আগরতলার তুলসীবতী বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী ডা: অধ্যাপক মানিক সাহা। আগরতলার বিভিন্ন রেস্তোরাঁ, হোটেল, খাবারের দোকানেও গতকাল অনেক রাত পর্যন্ত ভিড় লক্ষ্য করা গেছে। নতুন বছরের প্রথম দিন ব্যবসায়ীরা মন্দিরে পূজা দিয়ে তাদের হালখাতার সূচনা করেন।

নববর্ষের প্রথম দিনে গতকাল রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ BJP প্রদেশ সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য সহ দলীয় নেতৃবৃন্দ মুখ্যমন্ত্রীকে তাঁর বাসভবনে গিয়ে শুভেচ্ছা জানান।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল নববর্ষ উপলক্ষে উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে ও আগরতলার লক্ষী-নারায়ণ মন্দিরে পূজা দেন। সাংসদ বিপ্লব কুমার দেবও নববর্ষ উপলক্ষে উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে পূজা দেন।

Baisakhi mela :

বামুটিয়া বিধানসভার অন্তর্গত দুর্গাবাড়ি চা বাগানে গতকাল সন্ধ্যা থেকে শুরু হয়েছে দুদিনের ঐতিহ্যবাহী বৈশাখী মেলা। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জেলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল, প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, শিবেন্দ্র দাস প্রমুখ। প্রাক্তন বিধায়ক শ্রীদাস জানান, প্রায় ৩০ বছর আগে দুর্গাবাড়ি চা বাগানে বৈশাখী মেলা শুরু হয়। মেলায় বর্তমানে অন্ততপক্ষে ৫০০ দোকান বসেছে। এছাড়া মঞ্চে চলবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

Haz:

ভারতের হজ কোটা ২০১৪ সালের ১ লক্ষ ৩৬ হাজার থেকে বৃদ্ধি পেয়ে এবছর তা ১ লক্ষ ৭৫ হাজার হয়েছে। কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক জানিয়েছে, তারা এই বছর মূল কোটার অধীনে ১ লক্ষ ২২ হাজারেরও বেশি তীর্থযাত্রীর জন্য ভারতের হজ কমিটির মাধ্যমে বিভিন্ন ব্যবস্থা পরিচালনা করছে। মন্ত্রণালয় জানিয়েছে, সৌদি আরবের নির্দেশিকা অনুসারে বিমান পরিষেবা, পরিবহন, মিনায় ক্যাম্প, আবাসন ও পরিষেবা সহ প্রয়োজনীয় সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

TRAFIC ABHIJAN :

আগরতলার অন্যতম ব্যস্ততম এলাকা জিবি বাজার এলাকায় যানজট এড়াতে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে। পুলিশের পক্ষ থেকে এর জন্য আজ সকাল সাড়ে ১১ টায় জিবি বাজার এলাকায় অভিযান চালানো হবে। ট্রাফিক পুলিশ সুপার শ্রীমতি কান্তা জাঙ্গীর নিজে উপস্থিত থেকে এই অভিযান পরিচালনা করবেন বলে জানানো হয়।

Rooftop solar energy:

পরিচ্ছন্ন শক্তির ক্ষেত্রে ভারতের উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। ছাদে সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পেতে চলেছে। কেয়ার এজ রেটিং-এর প্রতিবেদন অনুসারে, ছাদের সৌর শক্তি আগামীদিনে দেশের বাণিজ্যিক ও শিল্প ক্ষেত্রের বৃদ্ধিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে। গত অর্থ বছরের হিসাবে বর্তমানে মোট পুনর্নবীকরণযোগ্য শক্তির ক্ষমতা ২২০ গিগাওয়াট ছুঁয়েছে এবং ২০৩০ সালের মধ্যে ৩০০ গিগাওয়াটে পৌঁছুবে।

Kiren Rijju :

কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, মুসলিম জনগনের অধিকার সুনিশ্চিত করতে এবং ন্যায়বিচার দিতে ওয়াকফ সংশোধনী আইন প্রণয়ন করা হয়েছে। গতকাল কেরলের কোচিতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী রিজিজু একথা বলেন। এই সংশোধনী আইন সব অংশের মুসলিম জনগনের অধিকার কিভাবে সুরক্ষিত থাকবে, তা তিনি সাংবাদিক সম্মেলনে বিস্তারিতভাবে ব্যাখ্যা করেন।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে, বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া কোথাও কোথাও দমকা থেকে ঝড়ো হাওয়া, বয়ে যেতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।
